গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
এবং
সচিব, কৃষি মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক

১ জুলাই ২০১৫-৩০ জুন ২০১৬

# সূচিপত্র


পৃষ্ঠা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................... ৩

উপক্রমণিকা........................................................................................................ ৪

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি..... ৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)............................. ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন এবং লক্ষ্যমাত্রাসমূহ................... ৭

**সংযোজনী ১**: শব্দসংক্ষেপ (Acronyms)...................................................................... ১৩

**সংযোজনী ২**: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী উইং/অফিস/ইউনিট/প্রকল্প এবং পরিমাপ পদ্ধতি.. ১৪

**সংযোজনী ৩**: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা............ ১৫

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview Performance)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

দেশের ক্রমহ্রাসমান ভূমি ও মৃত্তিকা সম্পদের যৌক্তিক, লাভজনক ও টেকসই ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে বিগত ৩ বছরে ৯০টি উপজেলার আধা-বিস্তারিত মৃত্তিকা জরিপ কাজ সম্পন্ন করে জরিপকৃত উপজেলার ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা নবায়ন করা হয়েছে। উপজেলা নির্দেশিকা নবায়ন কর্মসূচির আওতায় প্রায় ২৫,০০০টি মৃত্তিকা নমুনা এবং ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষাগার ও অন্যান্য কর্মসূচিতে প্রায় ৯০,০০০টি মৃত্তিকা, পানি ও উদ্ভিদ নমুনা বিশ্লেষণ করা হয়েছে এবং ৬০,০০০টি সার সুপারিশ প্রদান করা হয়েছে। "উপজেলা নির্দেশিকা"ব্যবহার বিষয়ে কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জেলা ও উপজেলা পর্যায়ের ২,০০০ জন কর্মকর্তা, ব্লক পর্যায়ের ৩,০০০ জন উপসহকারী কৃষি কর্মকর্তাকে ৬দিন মেয়াদি ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা এবং মাটির নমুনা সংগ্রহ ও সুষম সার ব্যবহার বিষয়ে ৬০,০০০ জন কৃষককে ১দিন মেয়াদে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ভেজাল সার নির্ণয়ের জন্য ১৫,০০০টি সার নমুনা বিশ্লেষণ করা হয়েছে। সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণের জন্য ১০০০ জন কৃষি সম্প্রসারণ কর্মী, সার ডিলার ও জন প্রতিনিধিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইউনিয়নওয়ারী "ভূমি মাটি ও সার সুপারিশ","সারের নমুনা সংগ্রহ পদ্ধতি","সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণ"Agricultural land availability in Bangladesh, Physiography of Bangladesh, Key to Soil Series ও রিকোনাইসেন্স সয়েল সার্ভে নামক পুস্তক প্রকাশ (পুনঃ মুদ্রণ) করা হয়েছে। দেশের ১,৫০,০০০ এর বেশি স্থান থেকে মাটির নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করে মাটির উর্বরতা বিষয়ক বিশাল তথ্য ভান্ডার সৃজন করা হয়েছে। এ তথ্যের ভিত্তিতে দেশের সকল অর্থাৎ ৪৮৮টি উপজেলায় ডিজিটাল পদ্ধতিতে কৃষকের চাহিত ফসলের জন্য সুষম সার সুপারিশ কার্যক্রম চালু করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

একই জমিতে বছরের পর বছর একাধিক ফসল উৎপাদনের কারনে মাটির উর্বরাশক্তি হ্রাস এবং জৈব পদার্থের পরিমাণ কমে ১.৫% এর নিচে এমনকি কোন কোন এলাকায় ১% এরও কম হওয়া। এলাকা বিশেষে জমিতে লবণাক্ততা ও অম্লতার বিস্তৃতি। ফসল উপযোগিতা বিবেচনা না করে চাষাবাদ। অপরিকল্পিতভাবে পাহাড়ী অঞ্চলে ভূমির যথেচ্ছা ব্যবহারের কারণে ভূমির অবক্ষয়। যত্রতত্র গড়ে ওঠা শিল্প কারখানার বর্জ্য শোধনের সঠিক ব্যবস্থাপনা না থাকায় পরিবেশ ও কৃষি জমির দূষণ। সাম্প্রতিক কালে গ্রামীণ বসতবাটি, নগরায়ন, শিল্পকারখানা, ইটখোলা এবং অন্যান্য অবকাঠামোর বিস্তৃতির কারনে উর্বরা কৃষি জমি অকৃষি জমিতে রূপান্তর।

### ভবিষ্যৎ পরিকল্পনা

উপজেলা নির্দেশিকা প্রণয়নের জন্য নিয়মিত উপজেলার মাঠ জরিপ এবং উপজেলা নির্দেশিকা প্রণয়ন ও মুদ্রণ কার্যক্রম অব্যাহত রাখা। অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন এর তথ্য-উপাত্ত হালনাগাদকরণ কার্যক্রম অব্যাহত রাখা। স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ সক্ষমতা বৃদ্ধি করা। এমএসটিএল এর মাধ্যমে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড প্রদান কার্যক্রম আরও জোরদার করা। সার এর গুণগত মান নির্ণয়ে সার নমুনা বিশ্লেষণ সক্ষমতা আরও বৃদ্ধি করা। মৃত্তিকা ও সার ব্যবস্থাপণা বিষয়ক কৃষক ও কৃষি কর্মিদের প্রশিক্ষণ অব্যাহত রাখা।

### ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- উপজেলা নির্দেশিকা প্রণয়নের জন্য ১৫টি উপজেলার মাঠ জরিপ।
- উপজেলা নির্দেশিকা প্রণয়ন ও মুদ্রণ-২০টি উপজেলা নির্দেশিকা।
- ইউনিয়ন ভিত্তিক ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা মুদ্রণ-১৭০টি ইউনিয়ন সহায়িকা ।
- অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন এর জন্য তথ্য-উপাত্ত হালনাগাদকরণ-২০টি উপজেলা।
- স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ-১৮,০০০টি।
- ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষন ও সার সুপারিশ কার্ড প্রদান-৫,৬০০টি।
- সার এর গুণগত মান নির্ণয়ে সার নমুনা বিশ্লেষণ-৩,৫০০টি নমুনা।
- মৃত্তিকা ও সার ব্যবস্থাপণা বিষয়ক কৃষক ও কৃষি কর্মিদের প্রশিক্ষণ- প্রশিক্ষণার্থী সংখ্যা ১২,০০০ জন।
- কৃষক সম্মেলণ/মাঠ দিবসের আয়োজন-৬৫টি।

## উপক্রমণিকা (Preamble)

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর পরিচালক
এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, কৃষি মন্ত্রণালয়
এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

**মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি**

### ১.১ রূপকল্প (Vision):

ভূমি ও মৃত্তিকা সম্পদের যুক্তিযুক্ত ও লাভজনক ব্যবহার এবং সুরক্ষিত মৃত্তিকা পরিবেশ ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

(১) মৃত্তিকা ও ভূমি সম্পদের ইনভেন্টরি তৈরী।
(২) ভূমি ও মৃত্তিকা সম্পদের সক্ষমতাভিত্তিক শ্রেণীবিন্যাস।
(৩) ভূমি ও মৃত্তিকা সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য সেবা গ্রহণকারীর উপযোগী নির্দেশিকা, পুস্তিকা ও সহায়িকা প্রণয়ন।
(৪) সমস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা।
(৫) শস্য উৎপাদন বৃদ্ধির জন্য টেকসই পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে সহায়তা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective):

কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও সংরক্ষণ।

### ১.৪ কার্যাবলি (Functions)

ক) আকাশ চিত্রের বিশ্লেষণ এবং মাঠ জরিপ ও গবেষণাগারে মৃত্তিকা পরীক্ষার ভিত্তিতে সমগ্র দেশের প্রাথমিক মৃত্তিকা জরিপ।
খ) বিভিন্ন উপকারভোগী সংস্থার উন্নয়ন প্রকল্প এলাকা এবং গবেষণা খামারের বিস্তারিত/আধা-বিস্তারিত মৃত্তিকা জরিপ।
গ) সেচ এলাকা (Command Area) এবং শস্য-সম্ভাবনা (potential) মূল্যায়নের জন্য মৃত্তিকা জরিপ।
ঘ) সমস্যাক্লিষ্ট মাটি (যথা- বিষাক্ত (toxic), লবণাক্ত, ক্ষার ও পিট মাটি), মাটির অবক্ষয় এবং ক্ষয়যুক্ত মৃত্তিকা (পানি বিভাজিকা অঞ্চলে) এলাকা চিহ্নিতকরণ এবং সমস্যাক্লিষ্ট মৃত্তিকা পুনরুদ্ধার পরিকল্পনা প্রণয়ন ও পানি বিভাজিকা ব্যবস্থাপনার জন্য মৃত্তিকা জরিপ।
ঙ) বিভিন্ন জরিপের মাধ্যমে সনাক্তকৃত মৃত্তিকার পারস্পারিক সম্পর্ক নির্ণয় (Soil Correlation)
চ) মাঠ পর্যবেক্ষণের যথার্থতা যাচাই- এর জন্য মৃত্তিকার ভৌত ও রাসায়নিক বিশ্লেষণ।
ছ) মৃত্তিকা ও ভূমি ব্যবহার জরিপের জন্য আকাশ চিত্র, স্যাটেলাইট ইমেজারী এবং টপোগ্রাফীক মানচিত্রসমূহের বিশ্লেষণ।
জ) উপোরোল্লিখিত জরিপের উপর বিভিন্ন প্রকার মানচিত্র ও প্রতিবেদন প্রকাশনার জন্য প্রস্তুতকরণ।
ঝ) স্বল্প ও দীর্ঘ মেয়াদী কৃষি পরিকল্পনা প্রণয়নের জন্য মৃত্তিকা, ভূমির সামর্থতা এবং শস্য উপযোগিতার মৌলিক উপাত্ত প্রদানের মাধ্যমে উন্নয়ন প্রতিষ্ঠানকে সেবা প্রদান।
ঞ) স্থানীয়, আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ে সুবিধাভোগী প্রতিষ্ঠানসমূহের সংগে ভূমি ব্যবহার উন্নয়ন কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সমন্বয় সাধন।

ট) কৃষি সম্প্রসারণ এবং গবেষণা কর্মীদের জন্য উপজেলাভিত্তিক মৃত্তিকা ও কৃষি উন্নয়নের সম্ভাবনা বিষয়ক একটি সহজবোধ্য নির্দেশিকা প্রস্তুতকরণ এবং ইউনিয়নভিত্তিক ভূমি, মৃত্তিকা এবং সার সুপারিশ সহায়িকা প্রণয়ন।
ঠ) নব নিয়োগকৃত কারিগরী কর্মকর্তাদের মৃত্তিকা জরিপ, ভূমি ব্যবহার পরিকল্পনা, শস্য উৎপাদন ক্ষমতা ইত্যাদির উপর চাকুরীকালীন প্রশিক্ষণ প্রদান এবং সাম্প্রতিক বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কে অবহিত করার নিমিত্তে কারিগরী কর্মকর্তাদের জন্য স্বল্পমেয়াদী পুনঃ প্রশিক্ষণ (Refresher course)।

ড) মৃত্তিকা জরীপ তথ্য সঠিকভাবে ব্যবহারের জন্য বিভিন্ন স্তরের কৃষি সম্প্রসারণ এবং গবেষণা কর্মীদের প্রশিক্ষণ প্রদান।
ঢ) স্থায়ী মৃত্তিকা গবেষণাগার ও ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের (এমএসটিএল) মাধ্যমে কৃষকের মাটি পরীক্ষা করে বিশ্লেষণের ফলাফল ও ফসলের চাহিদা অনুযায়ী সুষম সার সুপারিশ কার্ড প্রদান।
ন) মোবাইল ফোন এবং সিআইসির মাধ্যমে ইনস্টিটিউট কর্তৃক সৃজিত মৃত্তিকা উর্বরতা বিষয়ক বিশাল তথ্য-উপাত্তের ভিত্তিতে দেশের যে কোন অঞ্চলের কৃষকের চাহিদা অনুযায়ী ফসলের ডিজিটাল (অনলাইন) সার সুপারিশ প্রদান।

## সেকশন ২
## মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব ( Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচকসমূহ | একক | ভিত্তিবছর ২০১৩-১৪ | প্রকৃত* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | |
| ভূমি ও মৃত্তিকা সম্পদ এর সার্বিক তথ্য উপাত্ত সৃজন।সৃজিত তথ্য উপাত্ত ব্যবহার করে মৃত্তিকা ব্যবস্থাপনা ও ফসলের উৎপাদন বৃদ্ধিতে সহায়তা। | মুদ্রিত উপজেলাভিত্তিক ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা | সংখ্যা | ৩০ | ৩০ | ২০ | ২০ | ২০ | এসআরডিআই, বিএআরসি, বারি, ব্রি, বিনা ও ডিএই। | এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন । |
| | মুদ্রিত ইউনিয়নভিত্তিক ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা | সংখ্যা | ১৫০ | ১৭০ | ১৭০ | ১০০ | ১০০ | এসআরডিআই | এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন । |
| মাটির পুষ্টি মান/গুণাগুন সংক্রান্ত তথ্য-উপাত্ত সৃজন এবং সৃজিত তথ্য-উপাত্তের ভিত্তিতে কৃষকদের সুষম সার সুপারিশ কার্ড প্রদান এবং এর মাধ্যমে মাটির গুণাগুণ বজায় রেখে ফসল উৎপাদন বৃদ্ধি । | বিতরণকৃত সার সুপারিশ কার্ড (মোবাইল ভ্যান সহ) | সংখ্যা | ২০,৬০০ | ২১,৬০০ | ২২,০০০ | ২৩,০০০ | ২৩,০০০ | এসআরডিআই ও ডিএই। | এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন। |

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তি বছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও সংরক্ষণ | ৪০ | ১.১ উপজেলা নির্দেশিকা প্রণয়নের জন্য মাঠ জরিপ। | ১.১.১ জরিপকৃত উপজেলা | সংখ্যা | ১৫ | ৩০ | ৩০ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ২০ | ২০ |
| | | ১.২ উপজেলা নির্দেশিকা প্রণয়ন ও মুদ্রণ। | ১.২.১ মুদ্রিত উপজেলা নির্দেশিকা | সংখ্যা | ১৫ | ৩০ | ৩০ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ২০ | ২০ |
| | | ১.৩ ইউনিয়ন ভিত্তিক ভূমি,মাটি ও সার সুপারিশ সহায়িকা প্রণয়ন এবং মুদ্রণ। | ১.৩.১ মুদ্রিত ইউনিয়ন সহায়িকা | সংখ্যা | ১০ | ১৫০ | ১৭০ | ১৭০ | ১৬০ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১০০ | ১০০ |
| ২. কৃষক সেবা | ২৫ | ২.১.অন লাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন সিস্টেমের জন্য তথ্য-উপাত্ত হালনাগাদকরণ | ২.১.১ তথ্য-উপাত্ত হালনাগাদকৃত উপজেলা | সংখ্যা | ৫ | ১৫ | ২০ | ২০ | ১৮ | ১৭ | ১৬ | ১৫ | ২০ | ২০ |
| | | ২.২ স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ | ২.২.১ বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | সংখ্যা | ১০ | ১৬,০০০ | ১৭,০০০ | ১৮,০০০ | ১৭,৮০০ | ১৭,৫০০ | ১৭,২০০ | ১৭,০০০ | ১৮,৫০০ | ১৮,৫০০ |
| | | ২.৩ এমএসটিএল এর মাধ্যমে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড বিতরণ | ২.৩.১ বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সংখ্যা | ৫ | ৫,৬০০ | ৫,৬০০ | ৫,৬০০ | ৫,০৪০ | ৪,৪৮০ | ৩,৯২০ | ৩,৩৬০ | ৫,৬০০ | ৫,৬০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তি বছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ২.৪. আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং স্থায়ী গবেষণাগার কর্তৃক সার সুপারিশ কার্ড প্রণয়ন ও বিতরণ। | ২.৪.১. বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সংখ্যা | ৫ | ১৫,০০০ | ১৬,০০০ | ১৭,০০০ | ১৬,৫০০ | ১৬,০০০ | ১৫,৫০০ | ১৫,০০০ | ১৭,৫০০ | ১৭,৫০০ |
| ৩. ভূমি ও মৃত্তিকার যৌক্তিক ও লাভজনক ব্যবহার নিশ্চিতকরণে মানবসম্পদ উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর | ১০ | ৩.১ মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক কৃষক ও কৃষি কর্মীদের প্রশিক্ষণ। | ৩.১.১. প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষক | সংখ্যা | ৩ | ১৪,০০০ | ১৪,০০০ | ১২,০০০ | ১১,৮০০ | ১১,৬০০ | ১১,৪০০ | ১১,২০০ | ১২,০০০ | ১২,০০০ |
| | | ৩.২. মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তির প্রদর্শনী স্থাপন। | ৩.২.১. মাঠ প্রদর্শনী | সংখ্যা | ৩ | ৮০ | ১০০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ২১ | ২১ |
| | | ৩.৩.কৃষক সম্মেলন/মাঠ দিবস এর আয়োজন। | ৩.৩.১. কৃষক সম্মেলন/মাঠ দিবস | সংখ্যা | ২ | ৮০ | ৮০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ২১ | ২১ |
| | | ৩.৪.ওয়ার্কসপ/সেমিনার এর আয়োজন। | ৩.৪.১.ওয়ার্কসপ /সেমিনার | সংখ্যা | ১ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | - | - | ৩ | ৩ |
| | | ৩.৫. বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | ৩.৫.১.বার্ষিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | - | - | - | - | ১ | ১ |
| ৪.সারের গুণগতমান নির্ণয় | ৬ | ৪.১. সার নমুনা বিশ্লেষণ। | ৪.১.১.বিশ্লেষিত নমুনা | সংখ্যা | ৬ | ৩,৫০০ | ৩,৪৫০ | ৩,৫০০ | ৩,৪০০ | ৩,৩০০ | ৩,২০০ | ৩,১০০ | ৩,৫০০ | ৩,৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তি বছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৫. সমস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা | ৪ | ৫.১. লবণাক্ত মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা | ৫.১.১.প্রায়োগিক গবেষণা ট্রায়াল | সংখ্যা | ২ | ১০ | ৩৫০ | ৩০০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ২৫০ | ২০০ | ২০০ |
| | | ৫.২.মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা | ৫.২.১.প্রায়োগিক গবেষণা ট্রায়াল | সংখ্যা | ২ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |

## মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত | তারিখ | ১ | ২৮ এপ্রিল ২০১৬ | ৫ মে ২০১৬ | ১২ মে ২০১৬ | ১৯ মে ২০১৬ | ২৬ মে ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়[1] | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১ ডিসেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থায় বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |

[1] ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘণ্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি মন্ত্রীর প্রতিনিধি হিসাবে পরিচালক মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

৮.১০.১৫

পরিচালক
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

তারিখ

**সচিব**
**কৃষি মন্ত্রণালয়**

**তারিখ**

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| এসআরডিআই | সয়েল রিসোর্স ডেভলপমেন্ট ইনস্টিটিউট |
| বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| বারি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট |
| ব্রি | বাংলাদেশ রাইছ রিসার্চ ইনস্টিটিউট |
| বিনা | বাংলাদেশ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার এগ্রিকালচার |
| ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| এমএসটিএল | মোবাইল সয়েল টেস্টিং ল্যাবরেটরী |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| 1. | জরিপকৃত উপজেলা | উপজেলা নির্দেশিকা প্রণয়নের জন্য মৃত্তিকা ও ভূ-সম্পদের তথ্য উপাত্ত সংগ্রহের লক্ষ্যে সরেজমিনে পর্যবেক্ষণ ও উদ্ভিদ পুষ্টিমান নির্ণয়ের জন্য মৃত্তিকা নমুনা সংগ্রহ। | আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং কৃষকসেবা প্রকল্প। | জরিপকৃত উপজেলার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| 2. | মুদ্রিত উপজেলা নির্দেশিকা | উপজেলা ভূমি ও মৃত্তিকা সম্পদ এর যথাযথ ব্যবহারের জন্য জরিপকৃত তথ্য-উপাত্ত সম্বলিত পুস্তক। | আঞ্চলিক ও জেলা কার্যালয়, উপজেলা নির্দেশিকা সেল এবং কৃষকসেবা প্রকল্প। | মুদ্রিত উপজেলা নির্দেশিকার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| 3. | মুদ্রিত ইউনিয়ন সহায়িকা | ভূমি ও মৃত্তিকা সম্পদ এর তথ্য-উপাত্ত কৃষকের নিকট সহজলভ্য করার জন্য ভূমি শ্রেণি ভিত্তিক উপযোগী ফসল ও সার সুপারিশ সম্বলিত পুস্তিকা। | আঞ্চলিক ও জেলা কার্যালয়, উপজেলা নির্দেশিকা সেল এবং কর্মসূচী ও প্রকল্পসমূহ | মুদ্রিত ইউনিয়ন সহায়িকার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| 4. | তথ্য-উপাত্ত হালনাগাদকৃত উপজেলা | মৃত্তিকা জরিপলব্ধ তথ্য-উপাত্ত "অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন সিস্টেম" এর জন্য হালনাগাদকরণ। | ডিপিএসএস সেকশন। | তথ্য-উপাত্ত হালনাগাদকৃত উপজেলার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| 5. | বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | উপজেলা নির্দেশিকা প্রণয়ন ও কৃষকের মাঝে সুষম সার সুপারিশ কার্ড প্রদানের জন্য মৃত্তিকা নমুনা বিশ্লেষণ। | কেন্দ্রীয় ও আঞ্চলিক গবেষণাগারসমূহ এবং এমএসটিএল। | বিশ্লেষিত নমুনার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| 6. | বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সুষম সার ব্যবহার করে ফসলের ফলন বৃদ্ধির লক্ষ্যে মৃত্তিকা নমুনা বিশ্লেষিত ফলাফলের ভিত্তিতে সুষম সার সুপারিশ কার্ড প্রণয়ন করে কৃষকদের মাঝে বিতরণ। | আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং কেন্দ্রীয় ও আঞ্চলিক গবেষণাগারসমূহ। | বিতরণকৃত সার সুপারিশ কার্ডের সংখ্যা , এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| 7. | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষক | ভূমি ও মৃত্তিকা সম্পদ এর উন্নয়ন ও সংরক্ষণের লক্ষ্যে উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে কৃষি কর্মকর্তা ও কৃষককে প্রশিক্ষণ প্রদান। | প্রধান কার্যালয়, আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং কেন্দ্রীয় ও আঞ্চলিক গবেষণাগারসমূহ। | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষকের সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| 8. | প্রযুক্তি গবেষণা ট্রায়াল | মৃত্তিকা, সার, লবণাক্ততা ও ক্ষয়িষ্ণু পাহাড়ী ভূমি ব্যবস্থাপনা বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তির সম্প্রসারণের জন্য গবেষণা ট্রায়াল প্লট স্থাপন। | আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং সংশ্লিষ্ট গবেষণা কেন্দ্র। | স্থাপিত প্রযুক্তি ট্রায়ালের সংখ্যা, বার্ষিক প্রতিবেদন। | |

**সংযোজনী ৩** :অন্যান্য প্রতিষ্ঠানের/বিভাগের/ নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ: প্রযোজ্য নয়

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের/ প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |